দৈনিক ইত্তেফাক

তারিখ ... ...১৪ MAY 1986
পৃষ্ঠা... ...২...কলাম...২...

৬৭

57

## দিনাজপুর আদর্শ কলেজ কেন্দ্রে হাঙ্গামা ॥ ডিগ্রী পরীক্ষা ভণ্ডুল

দিনাজপুর সংবাদদাতার টেলিফোন : গতকাল (মঙ্গলবার) ডিগ্রী পরীক্ষার চতুর্থ দিনে দিনাজপুর আদর্শ মহাবিদ্যালয় পরীক্ষা কেন্দ্রে এক উত্তেজনাকর পরিস্থিতি সৃষ্টি হইলে পরীক্ষা বাতিল হইয়া যায়।

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## দিনাজপুর আদর্শ কলেজ

(১ম পৃঃ পর)

এবং ৯৩৭জন পরীক্ষার্থী পরীক্ষা না দিয়া চলিয়া যায়।

জানা যায়, দুপুর পৌনে ১২টার দিকে কিছু বহিরাগত পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করিলে কর্তব্যরত পুলিশ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটের নির্দেশে তাহাদের বাধা দেয়। ফলে সংঘর্ষের সূত্রপাত হয়। ইহাতে একজন সাংবাদিকসহ ১০ জন বহিরাগত আহত হয় এবং দুইজন পুলিশ অফিসার ও একজন কনেষ্টবল আহত হয়।

ইহার পর পরই ছাত্ররা চেয়ার বেঞ্চ ভাঙ্গচুর করে। কলেজের প্রায় ১০ লক্ষাধিক টাকার সম্পত্তির ক্ষতি হয়। অধিকাংশ ছাত্র উত্তরপত্র জমা না দিয়া পরীক্ষা কেন্দ্র হইতে বাহির হইয়া যায়।

## রংপুরে পুলিশ প্রহরায় ৬ জনের পরীক্ষা

রংপুর সংবাদদাতার তার বদরগঞ্জ কেন্দ্রের ৩ মহিলাসহ জন ডিগ্রী পরীক্ষার্থী তাহাদের নি নিজ গৃহে কড়া পুলিশ প্রহরা পরীক্ষা দিতেছে। গত ১৩ই ( ঐ কেন্দ্রের পরীক্ষার্থীরা নকলে দাবীতে পরীক্ষা বর্জন করিয়াছি পরীক্ষা বর্জনকারীদের হুমকি প্রেক্ষিতে পরীক্ষা দানকারী জনের ব্যাপারে এই ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

## ৪ জন পরিদর্শক আহত

কুড়িগ্রামের উলিপুর কলেজ কেন্দ্রে নকল করিতে না পারায় ২০০ জন ডিগ্রী পরীক্ষার্থী পরীক্ষা বর্জন করিয়াছে। পরীক্ষা শুরু হওয়ার পরপরই ১ জন পরীক্ষার্থীর নকল ধরা হইলে কে পরিদর্শকের মুখে খাতা ছুঁড়িয়া মারে। সঙ্গে সঙ্গে অপর পরীক্ষার্থীরা তাহার সমর্থনে পরীক্ষা বর্জন করে এবং কর্তব্যরত পরিদর্শকদের উপর হামলা চালায়। হামলায় ৪জন পরিদর্শক আহত হন। পরে পরীক্ষা বর্জনকারীরা নকল করার দাবীতে একটি মিছিল বাহির করে।

এদিকে কলেজের অধ্যাপক পরিষদের অনুষ্ঠিত এক সভায় খাতা ছুড়িয়া মারা ও হামলার বিচার না হওয়া পর্যন্ত অধ্যাপকরা পরীক্ষা কেন্দ্রে হাজির না হওয়ার সিদ্ধান্ত নিয়াছেন।

### বগুড়ায়

বগুড়া প্রতিনিধির ফোন : সরকারী শাহ সুলতান কলেজের ১৫ জন শিক্ষক গতকাল (মঙ্গলবার) এই কেন্দ্রের সকালের ডিগ্রী পরীক্ষা শেষে নিজ নিজ ঘরে ফেরার সময় কলেজের বাহির গেটে বেশ কিছুসংখ্যক ছাত্র তাহাদের গাড়ীর গতিরোধ করে। এইসব ছাত্রের মধ্যে গত সোমবার বহিষ্কৃত ১৫ জনও ছিল। বেগতিক অবস্থা দেখিয়া শিক্ষকগণ গাড়ী হইতে নামিয়া দৌড়াইয়া গিয়া অধ্যক্ষের অফিসে আশ্রয় নেয়। খবর পাইয়া পুলিশ ঘটনাস্থলে হাজির হয় এবং ঐসব ছাত্রের উপর লাঠিচার্জ করে। এব্যাপারে কোতোয়ালী থানায় একটি এজাহার দেওয়া হইয়াছে।

কুষ্টিয়ার ইত্তেফাক সংবাদদাতা জানান, ডিগ্রী পরীক্ষায় চতুর্থ দিনে ভেড়ামারা কলেজ হইতে ৪ জন এবং কুমারখালী কলেজ হইতে ৩ জন বহিষ্কৃত হইয়াছে।